# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**
**গুলশান শাখা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে**

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিঃ, গুলশান শাখা, ৩৩, গুলশান সাউথ কর্মাশিয়াল এরিয়া, গুলশান এভিনিউ, সার্কেল-১, ঢাকা-১২১২ **এর ঋণগ্রহীতা/বিবাদী/দায়িকঃ। ০১. "মেসার্স ফোর এস স্টীল" এর স্বত্বাধিকারী মোহাম্মদ মাসুদ রানা,** পিতা- হাজী রফিকুল ইসলাম বাড়ি নং-২৯০/এ, সড়ক নং-০৪, শহীদ নগর, পোস্ট অফিস ও থানা- লালবাগ, জেলা-ঢাকা, ঋণ গ্রহীতা এবং জামিনদার। **০২. মিসেস শাহিদা আক্তার শিমু,** স্বামী- কামাল হোসেন সেলিম, বন্ধক দাতা ও জামিনদার। ঠিকানা- বাড়ী নং-০১, সড়ক নং-১১৩, পোস্ট অফিস ও থানা-গুলশান, জেলা-ঢাকা এবং ৩১২, নতুন জুরাইন আলমবাগ রোড, ঢাকা। **০৩. জনাব কামাল হোসেন সেলিম,** পিতা- হাজি সিরাজ মিয়া, ব্যবস্থাপনা পরিচালক- "টেকনো ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড" কাসাব্লাংকা (৪র্থ তলা), ১১৪ গুলশান এভেনিউ, গুলশান, ঢাকা- ১২১২ জামিনদার। **০৪. মিসেস লাবনী আক্তার,** স্বামী- মোহাম্মদ মাসুদ রানা, বাড়ী নং-২৯০/এ, সড়ক নং-০৪, শহীদ নগর, পোস্ট অফিস ও থানা-লালবাগ, জেলা-ঢাকা, জামিনদার। গণের বিরুদ্ধে ডিক্রিদার ব্যাংক অর্থঋণ মোকদ্দমা নং-২৮৮/২০১৭ দায়েরের ফলে এবং উক্ত মোকদ্দমায় রায় ও ডিক্রি প্রাপ্ত হইয়া এবং সেই আলোকে অর্থজারী মোকদ্দমা নং-১৩৪/২০২১ দায়ের করিয়া অর্থঋণ আদালত ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের অধীকার লাভ করিয়াছেন এবং বিগত ২৭/০৯/২০২৩ ইং তারিখে বিজ্ঞ অর্থঋণ আদালত নং-০১, ঢাকা। ডিক্রিদার ব্যাংকের বরাবর একখানা সার্টিফিকেট ইস্যু করিয়াছেন। ফলে ডিক্রিদার ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রিজারীকৃত টাকাসহ নিলাম কাল তক পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়য়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নো লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ০৮/০৯/২০২৪ ইং তারিখ** বেলা ১২.০০ (বারো) ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, গুলশান শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে । দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**-শর্তসমূহ-**

১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে) এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ২.৩০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত ক্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা:- পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**'তফসিল-ক'**

জিলা- ঢাকা, থানা-যাত্রাবাড়ী, সাব-রেজিষ্ট্রী অফিস- ডেমরা, মৌজা-মাতুয়াইল-২ স্থিত, জে.এল নং- সি.এস-৩৩২, এস.এ-১৫৪, আর.এস-২৫, ঢাকা সিটি জরিপ-২০, খতিয়ান নং সিএস-৩৪১, এসএ-৪৭৭, আর এস-১৯২২, ঢাকা সিটি জরিফ-১১৪১৮ এবং দাগ নং সিএস এবং এসএ-২০২১ ও ২০২৪, আরএস-৩৪৫১, ৩৫৬৪ ও ৩৫৪০, ঢাকা সিটি জরিফ-১১৫০১, ১১৫০২, ১১৫০৩ ও ১১৫০৪, **মোট জমির পরিমান ৭.৫০ (সাত দশমিক পঞ্চাশ) শতাংশ ও তদস্থিত স্থাপনা। যাহার চৌহদ্দিঃ** উত্তরে-কনকর্ড, দক্ষিণে- ঢাকা ডেমরা রোড, পূর্বে- শাহিদা আক্তার শিমু এবং পশ্চিমে- চলাচলের রাস্তা।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
গুলশান শাখা, ঢাকা।

দৈনিক কালেরকণ্ঠ/বণিক বার্তা
প্রকাশ ১৪/০৮/২০২৪